ওয়াশিংটন ডিসিতে আকস্মিক বন্যা, হোয়াইট হাউজে পানি

ভারী বৃষ্টিপাতে আকস্মিক বন্যার কবলে পড়েছে যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসি। এছাড়া হোয়াইট হাউজের নিচতলার একটি দপ্তরের মেঝেতে পানি উঠেছে। বিবিসি, রয়টার্স।

দেশটির আবহাওয়া অধিদফতর জানায়, সোমবারের রেকর্ড পরিমাণ ভারী বৃষ্টিপাতে এই অবস্থার সৃষ্টি হয়েছে। আবহাওয়া বিভাগ ৭৬ মিলিমিটার (৩ ইঞ্চি) বৃষ্টি রেকর্ড করার কথা জানিয়েছে।

বার্তা সংস্থা রয়টার্স জানায়, সোমবারের বৃষ্টিপাতে মাত্র এক ঘণ্টার মধ্যেই প্রতিদিনের বৃষ্টিপাতের রেকর্ড ভেঙে যায়। এতে করে নগরীর অনেক এলাকায় লোকজন আকস্মিক বন্যার মধ্যে গাড়িতে আটকা পড়ে।

ওয়াশিংটন ডিসিতে বসবাসরত সাধারণ জনগণকে উচু স্থানে যাওয়ার পরামর্শ দেয়া হয়েছে। সেইসঙ্গে গাড়ি নিয়ে রাস্তায় বের হওয়া বিপজ্জনক উল্লেখ করে সতর্ক করেছে কর্তৃপক্ষ।

দেশটির জরুরি বিভাগের কর্মীরা পানির মধ্যে গাড়িতে আটকে থাকা অনেককে উদ্ধার করেছেন। ইতিমধ্যে তারা ১৫ চালককে রক্ষা করার কথা জানিয়েছেন।